

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৩.০২৪.০১.০০.০০১.২০১১-১৩৪৬

তারিখঃ ১১ মাঘ ১৪২৪
২৪ জানুয়ারি ২০১৮


বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Urban Water Supply and Sanitation in 23 Pourashavas Project in Bangladesh (GOB-IDB) শীর্ষক প্রকল্পের অনুকূলে Imprest Account খোলার অনুমতি প্রদান সম্পর্কিত।

পত্র সূত্রঃ (১) ডিপিএইচই, ঢাকা এর ০৭/০১/২০১৮ তারিখের পত্র নং- ২৮২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Urban Water Supply and Sanitation in 23 Pourashavas Project in Bangladesh (GOB-IDB) শীর্ষক প্রকল্পটি ১৩/০৯/২০১৭খ্রিঃ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)। প্রকল্পের অনুমোদিত বাস্তবায়ন মেয়াদকাল জুলাই'২০১৭ হতে জুন, ২০২১ পর্যন্ত। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৯৯১৭৩.৪৭ লক্ষ (নয়শত একানব্বই কোটি তিয়াত্তর লক্ষ সাতচল্লিশ হাজার) টাকা। এর মধ্যে জিওবি ২৯৩১৬.৭৩ লক্ষ (দুইশত তিরানব্বই কোটি ষোল লক্ষ তিহাত্তর হাজার) টাকা এবং অবশিষ্ট ৬৯৮৫৬.৭৪ লক্ষ (ছয়শত আটানব্বই কোটি ছাপ্পান্ন লক্ষ চুয়াত্তর হাজার) টাকা প্রকল্প সাহায্য (আইডিবি) হতে বহন করা হবে। বর্ণিত প্রকল্পে অর্থায়নকারী সংস্থা ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি) এর সাথে ২০/১২/২০১৬ তারিখ ঋণচুক্তি স্বাক্ষরিত হয় (কপি সংযুক্ত)। ঋণচুক্তির শর্ত "Article 2, Section 2.7 এ Special Account in Bangladeshi Taka will be opened with the central bank of the borrower or a local commercial bank acceptable to the bank for easy and timely disbursement of the Project" অনুযায়ী কেন্দ্রীয় ব্যাংকে প্রকল্পের অনুকূলে Imprest Account খোলা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, বর্ণিত প্রকল্পের অনুকূলে রাষ্ট্রায়ত্ত্ব/বাংলাদেশ ব্যাংকে একটি Imprest Account খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


মোঃ খাইরুল ইসলাম
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬২

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃঃ আঃ উপসচিব, বাজেট-১১ শাখা]

অনুলিপিঃ

১. অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্ম সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।